



প্রেস-রিলিজ

শোকাদর্শ আগস্টে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী কর্মসূচির প্রথম দিনে কালোব্যচ বিতরণ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ আগস্ট ২০২৩।

মহান স্বাধীনতার স্মৃতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে শোকাদর্শ আগস্টের প্রথম দিনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে গিয়ে কর্মকর্তা ও কর্মচারীদের নিজ হাতে কালো ব্যচ পড়িয়ে দেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। অন্যান্য কর্মসূচির মধ্যে আরও রয়েছে- শেখ কামালের জন্মদিন উপলক্ষে ০৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১১টায় গ্রুড ১১-১৬ কল্যান পরিষদের আয়োজনে ভারুয়াল আলোচনা সভা। ০৮ আগস্ট বিকাল ৪টায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মদিন উপলক্ষে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের আয়োজনে আলোচনা সভা, কুইজ/রচনা প্রতিযোগিতা ও দেশাত্মবোধক আবৃত্তির পুরস্কার বিতরণী। ছাত্র-শিক্ষক কেন্দ্রের আয়োজনে ০৯ আগস্ট দুপুর ১২ টায় রচনা প্রতিযোগিতা এবং ১০ আগস্ট দুপুর ১২ টায় কুইজ প্রতিযোগিতা। ১৩ আগস্ট বিকাল ৩ টায় শিক্ষক সমিতি আয়োজিত আলোচনা সভা। ১৫ আগস্ট সকাল ৯ টায় শোক র্যালি, সকাল ৯.৩০ টায় ৬ দফা স্মৃতিস্তম্ভে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সকাল ১০ টায় বৃক্ষরোপন, সকাল ১০.৩০ টায় আলোচনা সভা এবং রাত ৮ টায় বঙ্গবন্ধু হলের আয়োজনে আলোচনা সভা। এছাড়াও ১৫ আগস্টে শাহাদাতবরণকারী সকল শহীদদের রুহের মাগফিরাত কামনায় থাকবে পবিত্র কুরআন খতম, মসজিদ ও মন্দিরে বিশেষ প্রার্থনা। অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে ২১ আগস্ট বিকাল ৩টায় আলোচনা সভা। এছাড়াও ২৪ আগস্ট সন্ধ্যা ৭.৩০ টায় কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে থাকবে তথ্য চিত্র প্রদর্শনী।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

ডপ-পারচালক (চ.দা.)

জনসংযোগ অফিস